গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
উন্নয়ন-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিষয়: "Flood and Riverbank Erosion Risk Management Investment Program (Project-02)" শীর্ষক প্রকল্পের স্টিয়ারিং কমিটির ৪র্থ সভার কার্যবিবরণী।

---

| | |
|---|---|
| সভাপতি | নাজমুল আহসান<br>সচিব |
| সভার তারিখ | ২২ ফেব্রুয়ারি ২০২৪ |
| সভার সময় | দুপুর ১২:৪৫ ঘটিকা |
| স্থান | মন্ত্রণালয়ের সভা কক্ষও ভার্চুয়াল প্ল্যাটফর্ম |
| উপস্থিতি | পরিশিষ্ট-'ক' |

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম আরম্ভ করেন। সভাপতির অনুমতিক্রমে উপসচিব (উন্নয়ন-২ শাখা) জানান যে, এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি) এর ঋণ, নেদারল্যান্ডস সরকারের অনুদান ও বাংলাদেশ সরকারের অর্থায়নে "Flood and Riverbank Erosion Risk Management Investment Program (Project-2) (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্প বাস্তবায়নাধীন। প্রকল্পটির মোট অনুমোদিত ব্যয় ১৮০০৯০.৩৩ লক্ষ টাকা (জিওবি ৩৫৭৫৩.৮৫৪ লক্ষ টাকা, এডিবি ঋণ ১৩০৭২৭.৯০ লক্ষ টাকা এবং নেদারল্যান্ডসের অনুদান ১৩৬০৮.৫৭৪ লক্ষ টাকা) এবং মেয়াদকাল জানুয়ারি, ২০২২ হতে ডিসেম্বর, ২০২৫ পর্যন্ত। তবে এডিবি'র সাথে প্রকল্পটির ঋণচুক্তির মেয়াদকাল ২৬ জুন ২০২৪ পর্যন্ত। প্রকল্পের ভৌত অগ্রগতি ৫১.৫১% এবং আর্থিক অগ্রগতি ৩৮.৩১%। অতঃপর প্রকল্প পরিচালক প্রকল্পটির বিস্তারিত তথ্য সভায় উপস্থাপন করেন। সভায় আলোচনার প্রেক্ষিতে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহিত হয়ঃ

| ক্রমিক | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১ | প্রকল্প পরিচালক জানান যে, সিরাজগঞ্জ জেলার শাহজাদপুর উপজেলায় W-10-a প্যাকেজের আওতায় নির্মিতব্য ২.৫৩ কি.মি. বাঁধের মধ্যে ০.৮৩ কি.মি. নির্মাণের জন্য জমি অধিগ্রহণ প্রয়োজন। বর্তমানে ৪ ধারা নোটিশ জারি সম্পন্ন হয়েছে। এডিবি'র ঋণের মেয়াদকালের মধ্যে জমি অধিগ্রহণ করে কাজ সম্পন্ন করতে হলে দ্রুত জমি অধিগ্রহণ প্রক্রিয়া সম্পন্ন করা প্রয়োজন। এ ক্ষেত্রে মন্ত্রণালয়ের সহযোগিতা প্রয়োজন। উল্লেখ্য প্রকল্পটির বৈদেশিক চুক্তির মেয়াদ জুন (২০২৪ এ শেষ হবে। বৈদেশিক চুক্তির শর্তানুযায়ী দ্রুত ক্ষতিগ্রস্তদের টাকা প্রদান নিশ্চিত করতে হবে। | (ক) জেলা প্রশাসকের সহিত সার্বক্ষণিক যোগাযোগ রক্ষা পূর্বক দাখিলকৃত প্রস্তাব অনুযায়ী জমি অধিগ্রহণ যথাদ্রুত সম্পন্ন করতে হবে।<br>(খ) জেলা প্রশাসককে একটি অনুরোধ পত্র প্রেরণ করতে হবে। | পাসম/প্রকল্প পরিচালক/<br>জেলা প্রশাসক, সিরাজগঞ্জ |

<table>
<tr>
<td>২</td>
<td>প্রকল্পের ১ম সংশোধিত ডিপিপি অনুযায়ী W-03 প্যাকেজের আওতায় টাঙ্গাইল জেলার সদর উপজেলায় ৬.০০০ কি.মি. নদী তীর প্রতিরক্ষা কাজ বাস্তবায়নাধীন রয়েছে। তবে নদীর মরফোলজিক্যাল পরিবর্তনে সৃষ্ট চরের বিস্তৃতি লাভ করায় বর্তমান অবস্থাদৃষ্টে উক্ত প্যাকেজের ভাটিতে প্রায় ১৫০০ মিটার দৈর্ঘ্যে কাজের নিষ্প্রয়োজনীয়তা প্রতীয়মান হয়। বরং আরও ১-২টি বর্ষা মৌসুম উক্ত এলাকায় জাগ্রত চরের স্থায়ীত্ব ও ভাঙ্গন পরিস্থিতি নিবিড় পর্যালোচনা করে প্রয়োজন সাপেক্ষে বর্তমান প্রকল্পের Follow on প্রকল্পের আওতায় পরবর্তী ব্যবস্থা গ্রহণ বর্তমানে অধিকতর যুক্তিযুক্ত প্রতীয়মান হচ্ছে।<br>আবার, প্রকল্পের ১ম সংশোধিত ডিপিপি অনুযায়ী W-26 প্যাকেজের আওতায় সিরাজগঞ্জ জেলায় ২টি অংশে মোট ৩.০০০ কি.মি. Emergency Works এর সংস্থান আছে। তবে নদীর মরফোলজিক্যাল পরিবর্তনের কারণে বর্তমানে W-02 প্যাকেজের ভাটিতে সংস্থানকৃত ১.৩০০ কি.মি. দৈর্ঘ্যে জরুরি প্রতিরক্ষামূলক কাজের প্রয়োজনীয়তা অপেক্ষা উজানে ও ভাটিতে অবস্থিত অন্যান্য অধিকতর ঝুঁকিপূর্ণ স্থানে জরুরি কার্যক্রম গ্রহণ প্রয়োজন বলে প্রতীয়মান হচ্ছে।<br>এমতাবস্থায়, প্রকল্পের ডিপিপিতে সংস্থানকৃত কারিগরি কমিটির সরেজমিনে প্রকল্প পরিদর্শনের মাধ্যমে এতদবিষয়সমূহে পরবর্তী করণীয় সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণ করা যেতে পারে।</td>
<td>প্রকল্পের ডিপিপিতে সংস্থানকৃত কারিগরি কমিটির মতামত/ সিদ্ধান্তের আলোকে (ক) W-03 প্যাকেজের ভাটিতে প্রায় ১৫০০ মিটার দৈর্ঘ্যে নদীর মরফোলজিক্যাল পরিবর্তনে সৃষ্ট চরের বিস্তৃতি লাভ করায় উক্ত দৈর্ঘ্যে কাজ বাস্তবায়নের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। (খ) W-26 প্যাকেজের ১.৩০০ কি.মি. অংশের কাজের পরিবর্তে অধিকতর ঝুঁকিপূর্ণ অন্য স্থানে কাজ বাস্তবায়নের বিষয়ে কারিগরি কমিটির মতামত গ্রহণ পূর্বক সেই মোতাবেক পরবর্তী ব্যবস্থা গ্রহণ করতে হবে।</td>
<td>প্রকল্প পরিচালক</td>
</tr>
<tr>
<td>৩</td>
<td>জিওবি অর্থায়নে বাস্তবায়নাধীন “সিরাজগঞ্জ জেলার শাহজাদপুর উপজেলাধীন ব্রাহ্মণগ্রাম-হাটপাঁচিল ও তৎসংলগ্ন এলাকায় যমুনা নদীর ডান তীর সংরক্ষণ এবং বেতিল স্পার-১ এবং এনায়েতপুর স্পার-২ শক্তিশালীকরণ” শীর্ষক প্রকল্পের আওতায় চলমান কাজ ও সমাপ্তকৃত JMREMP প্রকল্পের আওতায় বাস্তবায়িত কাজের মধ্যে প্রায় ৬০০ মিটার অরক্ষিত নদী তীর রয়েছে, যা উক্ত জিওবি প্রকল্প ও JMREMP প্রকল্পে বাস্তবায়িত কাজের স্থায়ীত্বের জন্য হুমকিস্বরূপ। নদী তীরে প্রতিরক্ষার নিরবিচ্ছিন্নতা রক্ষার্থে ও উভয় প্রকল্পের দীর্ঘমেয়াদী ও টেকসই সুফল নিশ্চিত করতে উক্ত অংশে প্রতিরক্ষা কাজ আশু গ্রহণ করা প্রয়োজন। উল্লেখ্য, অত্র প্রকল্পের আওতায় উক্ত প্রায় ৬০০ মিটার অংশে কাজ বাস্তবায়নের জন্য প্রকল্পের মধ্যবর্তী মূল্যায়ন কমিটি সুপারিশ রয়েছে। এ ক্ষেত্রে এডিবি’র সম্মতি গ্রহণের বিষয়ে গুরুত্বারোপ করা হয়।</td>
<td>এডিবি’র সম্মতিক্রমে যথাযথ বিধিবিধান অনুসরণপূর্বক W-07 প্যাকেজের আওতায় প্রকল্পের মধ্যবর্তী মূল্যায়ন কমিটি কর্তৃক সুপারিশকৃত বর্ণিত অংশে অতিরিক্ত কাজ বাস্তবায়ন করার উদ্যোগ গ্রহণ করতে হবে।</td>
<td>প্রকল্প পরিচালক</td>
</tr>
<tr>
<td>৪</td>
<td>পানি সম্পদ মন্ত্রনালয়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২৩-২৪ এ বর্ণিত প্রকল্পের আওতায় নিম্নলিখিত লক্ষ্যমাত্রার সূচকসমূহ নির্ধারিত হয়েছে। লক্ষ্যমাত্রা অনুযায়ী অর্জন নিম্নরূপঃ
<table>
<tr><th>ক্রমিক</th><th>কর্মসম্পাদন সূচকের নাম ও নম্বর</th><th>লক্ষ্যমাত্রা</th><th>বাস্তবায়ন অগ্রগতি</th></tr>
<tr><td>১।</td><td>বাঁধ নির্মান</td><td>২.০০ কি.মি.</td><td>-</td></tr>
<tr><td>২।</td><td>নদী তীর সংরক্ষণ</td><td>২০.০০ কি.মি.</td><td>১৩.০০ কি.মি.</td></tr>
<tr><td>৩।</td><td>সম্পাদিত নদী তীর সংরক্ষণ কাজের মেরামত/ শক্তিশালীকরণ</td><td>৭.০০ কি.মি.</td><td>৪.৭১৯ কি.মি.</td></tr>
</table></td>
<td>বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২৩-২৪ এ ধার্যকৃত লক্ষ্যমাত্রা অনুযায়ী কার্মসম্পাদন যথাসময়ে সম্পন্ন করতে হবে।</td>
<td>মহাপরিচালক, বাপাউবো/ এপিএ টীম লিডার, পাসম/ প্রকল্প পরিচালক</td>
</tr>
</table>

২। আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

নাজমুল আহসান
সচিব

স্মারক নম্বর: ৪২.০০.০০০০.০৩৫.১৪.০২৯.২২.৭৯

তারিখ: ২১ ফাল্গুন ১৪৩০
০৫ মার্চ ২০২৪

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সচিব, অর্থ বিভাগ
২) সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
৩) সদস্য, কার্যক্রম বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন
৪) সদস্য, কৃষি পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন
৫) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
৬) সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন
৭) মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
৮) যুগ্মপ্রধান , এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ
৯) যুগ্মসচিব, উন্নয়ন-১ অধিশাখা, পানি সম্পদ মন্ত্রণালয়
১০) যুগ্মসচিব, পরিকল্পনা অনুবিভাগ, পানি সম্পদ মন্ত্রণালয়
১১) অতিরিক্ত মহাপরিচালক (পশ্চিম রিজিয়ন), অতিরিক্ত মহাপরিচালক (পশ্চিম রিজিয়ন), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
১২) অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা), অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা, নক্সা ও গবেষণা), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
১৩) প্রধান প্রকৌশলী (পুর), প্রধান প্রকৌশলী (পুর), পরিকল্পনা এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
১৪) প্রধান প্রকৌশলী, বাপাউবো।
১৫) অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পুর), প্রধান প্রকৌশলী (পুর), মনিটরিং এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
১৬) প্রধান প্রকৌশলী , প্রধান প্রকৌশলী, ডিজাইন, ঢাকা, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
১৭) উপসচিব, পরিকল্পনা-১ অধিশাখা, পানি সম্পদ মন্ত্রণালয়
১৮) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়
১৯) উপসচিব, পরিকল্পনা-১ শাখা, পানি সম্পদ মন্ত্রণালয়
২০) প্রকল্প পরিচালক, Flood and Riverbank Erosion Risk Management Investment Program (Project-2) শীর্ষক প্রকল্প, বাপাউবো, ঢাকা।
২১) নির্বাহী প্রকৌশলী (সংশ্লিষ্ট), বাপাউবো।
২২) সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা , পানি সম্পদ মন্ত্রণালয়
২৩) প্রোগ্রামার, আইসিটি শাখা , পানি সম্পদ মন্ত্রণালয়
২৪) সহকারী সচিব, প্রশাসন-৩ শাখা , পানি সম্পদ মন্ত্রণালয়
২৫) অফিস, কপি।

মোহাম্মদ আব্দুর রহিম রিপন
উপসচিব